দৈনিক সংবাদ

০৪/১১/২০০৫

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১ কলাম ২

# পাঠ্যপুস্তক মুদ্রণ ঃ অবশেষে কার্যাদেশ চূড়ান্ত

নিজস্ব বার্তা পরিবেশক ঃ পঞ্চম শ্রেণী পর্যন্ত পাঠ্যপুস্তক মুদ্রণের জন্য কার্যাদেশ নিয়ে জটিলতার অবসান হয়েছে। গতকাল টেকস্টবুক বোর্ড থেকে কার্যাদেশ চূড়ান্ত করা হয়েছে বলে জানা গেছে। দু'একদিনের মধ্যেই চিঠি দিয়ে মুদ্রণ সংশ্লিষ্টদের কার্যাদেশ জানিয়ে দেয়া হবে বলে টেকস্টবুক বোর্ড সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, দরপত্র খোলার ৫৩ দিন পর এই কার্যাদেশ দেয়া হলো। গত ৬ই সেপ্টেম্বর পঞ্চম শ্রেণী পর্যন্ত পাঠ্যপুস্তক মুদ্রণের দরপত্র খোলা হয়।

এ বছর এই কার্যাদেশের মাধ্যমে ১৫০টি প্যাকেজের মাধ্যমে ১৪৯টি প্যাকেজে ১৫৫টি প্রেস একযোগে পাঠ্যপুস্তক মুদ্রণের

মুদ্রণ ঃ পৃঃ ২ কঃ ২

## মুদ্রণ ঃ পাঠ্যপুস্তক

( ১ম পৃষ্ঠার পর )

কাজ সম্পন্ন করবে। এর আগে ১৫০টি প্যাকেজে দরপত্র আহ্বান করা হলেও ১টি প্যাকেজে কোন দরপত্র পড়েনি।

কার্যাদেশ চূড়ান্ত হওয়ার পর এক প্রতিক্রিয়ায় বাংলাদেশ মুদ্রণশিল্প সমিতির যুগ্ম সম্পাদক আমিন হিলালী বলেন, 'টেকস্টবুক বোর্ড থেকে সঠিকভাবে সহায়তা দেয়া হলে অবশ্যই দ্রুততম সময়ের মধ্যে নির্দিষ্ট সময়ের আগেই ছাপার কাজ শেষ হবে এবং ছাত্রছাত্রীরা বই পাবে। এ বছর ১৫০টি প্রেস একযোগে কাজ করছে। ফলে অনেক সহজে কাজ সম্পন্ন হবে। তবে এ জন্য টেকস্টবুক বোর্ডের সহযোগিতা প্রয়োজন।'

এ ব্যাপারে অন্য কয়েকজন মুদ্রণ ব্যবসায়ী নাম প্রকাশ না করার শর্তে বলেন, 'দরপত্র খোলার পর কার্যাদেশ দিতে ৫৩ দিন সময় লাগার পেছনে টেকস্টবুক বোর্ডের কিছু কর্মকর্তা-কর্মচারীর হাত আছে। নতুন সরকারের নজর দিতে হবে, যাতে কোনভাবেই এ দুর্নীতিবাজ কর্মকর্তা-কর্মচারীরা বাধার সৃষ্টি করতে না পারে। এ ব্যাপারে সরকার আমাদের সহায়তা চাইলে সব ধরনের সহযোগিতা করব।'